# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**22-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য ১৬ টি জেলার ১৫২ টি আসনে আগামীকাল ভোটগ্রহণ। এক হাজার ৪৭৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

২) দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের প্রচারাভিযান এখন তুঙ্গে। অনুপ্রবেশকারীদের ভোটেই মুখ্যমন্ত্রী ক্ষমতায় এসেছেন বলে বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ অভিযোগ করেছেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, বাংলায় ভোটের জন্য সাঁজোয়া গাড়ি আনা হলেও পহেলগাঁওয়ের জঙ্গী হামলায় এই ব্যবস্থা চোখে পড়েনি।

৩) রাজ্যের ভারত বাংলাদেশ সীমান্তে ১২৮ কিলোমিটার জমিতে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য অধিগ্রহণ করা জমি বিএসএফকে রাজ্য হস্তান্তর না করায় অসন্তেষ ব্যক্ত করেছে কলকাতা হাইকোর্ট।

৪) কলকাতায় আই প্যাক অফিসে ইডির তদন্ত চলাকালীন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যেভাবে বাধা দিয়েছেন, তা গণতন্ত্রের পক্ষে অশনি সংকেত বলে শীর্ষ আদালত মন্তব্য করেছে।

৫) দক্ষিণবঙ্গের যে জেলাগুলিতে আগামীকাল প্রথম দফা নির্বাচন হবে, তার মধ্যে বেশ কয়েকটিতে তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য আগামীকাল ভোটগ্রহণ। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ। সকাল সাতটায় ভোটগ্রহণ শুরু হয়ে চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত। ২৪০০ কোম্পানীর বেশি কেন্দ্রীয় বাহিনী, রাজ্য পুলিশের কড়া নিরাপত্তায় ভোটগ্রহণ চলবে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

সকাল থেকেই ভোটকর্মীরা ডিসিআরসি থেকে নির্বাচন সংক্রান্ত সরঞ্জাম সংগ্রহ করেন। ইতোমধ্যেই নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছেছেন তারা। আলিপুরদুয়ারের প্রত্যন্ত গ্রাম বক্সাদুয়ারে পায়ে হেঁটে ভোট কেন্দ্রে পৌঁছন কর্মীরা।

--------------------

প্রথম দফার ভোটের প্রাক্কালে এস আই আর সংক্রান্ত বিচারবিভাগীয় ট্রাইব্যুনালে শুনানির পর ১৩৯ জন নতুন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন, অন্যদিকে ৮ জনের নাম বাদ পড়েছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, যাঁদের নাম নতুন করে তালিকায় যুক্ত হয়েছে, সেই ১৩৯ জন ভোটারই আগামীকাল ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

--------------------

দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে।

বরিষ্ঠ **বিজেপি** নেতা, কেন্দ্রীয় **স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ** আজ উত্তর চব্বিশ পরগনার দমদম, হাবরা এবং হুগলীর সপ্তগ্রামে জনসভা করেন। সপ্তগ্রামের সভামঞ্চ থেকে তিনি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ১০ হাজার কোটি টাকার দুর্নীতি করেছেন। অনুপ্রবেশকারীদের ভোটেই তিনি ক্ষমতায় এসেছেন। তাদের আশ্রয় দিতেই বিএসএফ-কে সীমান্তে বেড়া দেওয়ার জন্য জমি দেওয়া হয়নি। তিনি আরও বলেন, বিজেপি ক্ষমতায় এলে ৫ই মে-র পর রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি চালু করা হবে।

বাইট অমিত

বিজেপি নেতা, উত্তর প্রদেশের **মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ** আজ কলকাতার জোড়াসাঁকো, নদীয়ার চাকদা এবং হাওড়ার উদয়নারায়ণপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করেন। দুর্নীতি, কর্মসংস্থান, শিল্প ইত্যাদি ইস্যুতে রাজ্য সরকারের সমোাচনায় সরব হন তিনি।

পূর্ব বর্ধমানের কালনা ও উত্তর ২৪ পরগণার বনগাঁয় সভা করেন বিজেপি নেতা আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা।

**অন্যদিকে, তৃণমূল কংগ্রেস** নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জী, আজ উত্তর ২৪ পরগণার আমডাঙ্গা এবং হুগলীর হরিপালে জনসভা করেন। হরিপালের সভায় অনুপ্রবেশ নিয়ে পাল্টা বিজেপির সমালোচনা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, বাংলায় ভোটের জন্য সাঁজোয়া গাড়ি আনা হয়েছে, অথচ পহেলগাঁওয়ের জঙ্গী হামলার সময়ে এই ব্যবস্থাপনা ছিলনা।

বাইট মমতা

পরে হাওড়ার রামরাজাতলার শংকর মঠ থেকে বেলেপোলে স্বামী বিবেকানন্দের মূর্তি পর্যন্ত পদযাত্রা করেন তিনি।

CPIM, কংগ্রেস এবং ISF সহ অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও জোরদার প্রচার চালানো হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নদীয়ার কৃষ্ণনগরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন।

--------------------

তৃণমূল কংগ্রেস, রাজ্যে সরকার গঠন করলে এসআইআর প্রক্রিয়ায় ভোটার তালিকা থেকে বাদ পড়া ভোটারদের নাম পুনরায় যুক্ত করতে সব রকম প্রচেষ্টা করা হবে বলে দলের তরফে জানানো হয়েছে। কলকাতা প্রেস ক্লাবে আজ মিট দ্যা প্রেস অনুষ্ঠানে অংশ নিয়ে দলের রাজ্য সহ-সভাপতি ব্রাত্য বসু বলেন, সংবিধানে এস আই আরের স্বীকৃতি থাকলেও এর সঙ্গে নাগরিকত্ব সংশোধনী আইন জুড়ে দিয়ে কিছু মানুষকে ডিটেনশন ক্যাম্পে পাঠিয়ে দেবার ব্যবস্থা হচ্ছে।

--------------------

রাজ্যের ভারত- বাংলাদেশ সীমান্তে ১২৮ কিলোমিটার জমিতে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য জমি অধিগ্রহণ করা হলেও এখনো কেন তা বিএসএফকে হস্তান্তর করা হয়নি, সে বিষয়ে রাজ্যের রিপোর্টে অসন্তেষ ব্যক্ত করেছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের জয়েন্ট ডিরেক্টরকে ব্যক্তিগত ২৫ হাজার টাকা জরিমানা দেওয়ার নির্দেশ দিয়েছেন। ১৫ দিনের মধ্যে কলকাতা হাইকোর্ট লিগাল সার্ভিস কতৃপক্ষকে এই টাকা দিতে হবে।

২৭ শে জানুয়ারি আদালত অধিগ্রহণ করা জমি কেনো হস্তান্তর হয়নি, সেই বিষয়ে বিস্তারিত রিপোর্ট তলব করে। আজকের শুনানিতে ভুমি সংস্কার দপ্তর, মাত্র ৮

কিলোমিটার জমির বিষয়ে রিপোর্ট দেওয়ায় ক্ষুব্ধ হন প্রধান বিচারপতি। পরবর্তী শুনানিতে রিপোর্টে বিস্তারিত তথ্য দিতে নির্দেশ দিয়েছেন তিনি।

উল্লেখ্য মোট ১৮১ কিলোমিটার জমিতে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য কেন্দ্র সরকার টাকা দিয়ে দিয়েছে। তার মধ্যে ১২৮ কিলোমিটার জমি অধিগ্রহণ হয়েছে। যাদিও তা এখনও বিএসএফকে হস্তান্তর করা হয়নি।

--------------------

ভোটের সময়ে অশান্তি সৃষ্টি করতে পারে, এমন ৮০০ জন ব্যক্তিকে চিহ্নিত কোরে তালিকা তৈরি সংক্রান্ত নির্বাচন কমিশনের নির্দেশে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে আজ জানিয়েছে, আগামী ৩১ শে জুন পর্যন্ত সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে এদের গ্রেপ্তার করা যাবে না। তবে এরা কোনো অপরাধমূলক কাজে যুক্ত হলে ব্যবস্থা নিতে পারবে পুলিশ প্রশাসন।

এর আগে আজ শুনানিতে নির্বাচন কমিশন জানায়, গোপন রিপোর্টের ভিত্তিতে এই ৮০০ জন তৃণমূল কংগ্রের নেতাকর্মীর তালিকা তৈরি করা হয়েছে। গ্রেপ্তারের উদ্দেশ্যে নয়, আগাম সতর্কতা হিসাবেই এই ব্যবস্থা।

উল্লেখ্য, এই নেতা কর্মীদের গ্রেপ্তার করা হতে পারে, এই আশঙ্কায় গতকালই আদালতের দ্বারস্থ হয় শাসক দল।

--------------------

কোনো কারণ ছাড়াই দলীয় কর্মীদের বেআইনীভাবে আটক ও গ্রেপ্তার করা হচ্ছে, এই অভিযোগে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ রাজ্যের মুখ্য নির্বাচনী

আধিকারিকের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ, রাজ্য পুলিশের প্রাক্তন ডিজি রাজীব কুমার বলেন, প্রতিটি বেআইনি গ্রেফতারের ঘটনায় যুক্ত আধিকারিককে আইনের আওতায় আনা হবে। এই গ্রেপ্তারি রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলেও তাঁর অভিযোগ। প্রতিনিধি দলে রাজীব ছাড়াও ছিলেন শশী পাঁজা, শুভাশিস চক্রবর্তী প্রমুখ।

--------------------

কলকাতায় রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাকের অফিসে ইডির তদন্ত চলাকালীন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যেভাবে বাধা দিয়েছেন সে ব্যাপারে শীর্ষ আদালত আজ কঠোর মনোভাব দেখিয়েছে। সুপ্রিম কোর্ট সতর্ক করে দিয়ে বলেছে কোন রাজ্যের মুখ্যমন্ত্রী যদি তদন্ত চলাকালীন এভাবে হস্তক্ষেপ করেন তা গণতন্ত্রের জন্য অশনি সংকেত। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং বিচারপতি এন ভি আঞ্জারিয়া আজ বলেন , এই ঘটনা শুধুমাত্র কেন্দ্র এবং রাজ্যের মধ্যেকার সাধারণ বিতর্কের বিষয় নয়, এক্ষেত্রে একজন সাংবিধানিক পদের অধিকারীর কার্যকলাপ জড়িত রয়েছে।

অর্থ তছরুপ মামলায় ভোট কুশলী সংস্থা আইপ্যাকের জড়িত থাকার বিষয় তদন্তের সময় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং সরকারি আধিকারিকদের বাধাদানের বিরুদ্ধে ই ডি শীর্ষ আদালতের দ্বারস্থ হয়। শীর্ষ আদালতের বেঞ্চ আজ , ১৯৭৩ এর ঐতিহাসিক কেশবানন্দ ভারতীর রায় সংক্রান্ত বিষয়ে উল্লেখ কোরে জানান ,সেখানে সংবিধানের মূল কাঠামো সম্পর্কে ব্লা রয়েছে। বিষয়টি বৃহত্তর বেঞ্চে পাঠানোর আরজি খারিজ করে আদালত জানায় সংবিধানের ৩২ নম্বর ধারা অনুযায়ী এই মামলাটি চলবে। এটি একটি বিশেষ পরিস্থিতি হিসেবে বিবেচনা করে আদালত এ ব্যাপারে প্রকৃত সত্য জানা প্রয়োজন বলেও মন্তব্য করেছে। এই মামলার কোন রায় আজ ঘোষণা করা হয়নি,আগামীকালও মামলাটির শুনানি হবে।

--------------------

পুর নিয়োগ দুর্নীতি মামলায় তৃণমূল কংগ্রেস প্রার্থী সুজিত বসু এবং রথীন ঘোষকে ফের তলব করেছে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি। আগামী ২৪ এপ্রিল তাঁদের সিজিও কমপ্লেক্সে হাজিরা দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, সুজিত বসু বিধাননগর এবং রথীন ঘোষ মধ্যমগ্রাম বিধানসভা কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর আগেও একাধিকবার এই দুই নেতাকে তলব করা হয়।

এদিকে, আর্থিক দুর্নীতি মামলায় ইডি আজ বসিরহাটের প্রাক্তন সাংসদ অভিনেত্রী **নুসরত জাহান**কে ৮ ঘন্টা জেরা করে।

বালি পাচারকান্ডে আর্থিক দুর্নীতির তদন্তে, ইডি কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাসকে আজ সিজিও কমপ্লেক্সে তলব করলে তিনি হাজিরা দেননি।

--------------------

ভোটের সময় নির্বাচন কমিশনের মোটরবাইক সংক্রান্ত বিধি নিষেধকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। মামলাকারীর দাবি, বাইক ব্যবহারে নিষেধাজ্ঞায় সাধারণ মানুষ সমস্যায় পড়বেন। পাশাপাশি এই বিজ্ঞপ্তির জন্য বিপুল সংখ্যক অফিসযাত্রী, অ্যাপ-বাইক বা অনলাইন খাবার সরবরাহের সঙ্গে যুক্ত ব্যক্তিদের মধ্যে বিভ্রান্তি ছড়িয়েছে। বিচারপতি কৃষ্ণ রাও মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন। আগামীকাল মামলার শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, কমিশনের তরফে গতকাল বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়, ভোটের দুদিন আগে থেকে কোনো বাইক মিছিল করা যাবে না।

সন্ধ্যা ৬'টা থেকে সকাল ৬'টা পর্যন্ত মোটরবাইক চলাচলেও জারি থাকছে নিষেধাজ্ঞা। তবে জরুরি প্রয়োজনে, চিকিৎসা বা পারিবারিক কারণে এই নিয়মে ছাড় থাকবে। এই সময়ে সকাল ৬টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত মোটরবাইকের পিছনে কোনও আরোহীকে বসানো যাবে না। যদিও স্কুল পড়ুয়া বা রোগীদের ক্ষেত্রে এই নিয়ম শিথিল করা হয়েছে।

ভোটের দিন সকাল ৬টা থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত শুধুমাত্র ভোট দিতে যাওয়া বা জরুরি প্রয়োজনে বাইক চালকের পেছনে পরিবারের লোকজনই বসতে পারবেন।

এদিকে, আগামী ২৯ তারিখে দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের ৪৮ ঘন্টা আগে থেকে কমিশনের নির্দেশ মত কলকাতা পুলিশ, মোটরবাইক চলাচল নিয়ন্ত্রণ করবে বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। নিয়ম লংঘন করলে অভিযুক্তর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। তবে বিশেষ প্রয়োজনে বাইক চালানোর জন্য স্থানীয় থানা থেকে প্রয়োজনীয় অনুমতি নেওয়ার যাবে বলেও জানানো হয়েছে।

--------------------

দক্ষিণবঙ্গের যে জেলাগুলিতে আগামীকাল প্রথম দফা নির্বাচন অনুষ্ঠিত হবে তার মধ্যে বেশ কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে তাপ প্রবাহের সতর্কতা রয়েছে। পশ্চিম বর্ধমান, বীরভূম এবং বাঁকুড়া জেলায় রয়েছে তাপপ্রবাহ এবং পুরুলিয়্ পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং পূর্ব বর্ধমানে উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। উত্তরবঙ্গের যে জেলাগুলিতে আগামীকাল ভোট গ্রহণ করা হবে তার মধ্যে মালদা এবং দুই দিনাজপুরে তাপমাত্রা বেশি থাকলেও উত্তরের পাঁচটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা আছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

এদিকে আজ আলিপুরে  সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি অন্যদিকে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস প্রায় স্বাভাবিক।

--------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গণতন্ত্রের বৃহত্তম উৎসব'। নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগীর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-------------------- --------------------